

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৫৯.২৫.২২৭

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ট্রিমকো (বাংলাদেশ) কোম্পানী লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশ প্রদান।**

সূত্র: আবেদনপত্র নং- ১০৯৩, তারিখঃ ৩০/১০/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ট্রিমকো (বাংলাদেশ) কোম্পানী লিঃ, অফিসঃ পার্ল ট্রেড সেন্টার (১০ম তলা), সড়ক নং- চ-৯০/৩, প্রগতি স্রণী, ঢাকা-১২১২ ও কারখানাঃ শিরির চালা, সড়ক নং/এলাকাঃ ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর, শিল্প উপ-খাত “গার্মেন্টস এক্সেসরিজ” এর নিবন্ধনকৃত একটি কারখানা। বিনিয়োগ বোর্ডের নিবন্ধন সংখ্যা-জে-১৮১১১৩০২০২৬-এইচ, তারিখঃ ১৩/০২/২০১৩ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য বর্তমান নিয়মিত শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৩৮৫৬২০ এর আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশের জন্য আবেদন জানালে কারখানাটি অত্র অধিদপ্তরের একজন পরিদর্শক (কারিগরি) সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৪৩,২০,০০০/- (তেতাল্লিশ লক্ষ বিশ হাজার) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৮৬,৪০,০০০/- (ছিয়াশি লক্ষ চল্লিশ হাজার) থেকে বৃদ্ধি করে গার্মেন্টস এক্সেসরিজ এর জন্য শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা বার্ষিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা পুনঃ নির্ধারণ পূর্বক সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “গার্মেন্টস এক্সেসরিজ” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১- ২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ট্রিমকো (বাংলাদেশ) কোম্পানী লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৪৩,২০,০০০/- (তেতাল্লিশ লক্ষ বিশ হাজার) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৮৬,৪০,০০০/- (ছিয়াশি লক্ষ চল্লিশ হাজার) থেকে বৃদ্ধি করে গার্মেন্টস এক্সেসরিজ এর জন্য শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা বার্ষিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা পুনঃ নির্ধারণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।



১৯-১১-২০২৫

মোঃ সাইফুর রহমান  
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ১৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৫৯.২৫.২২৭/১ (৫)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৩। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ট্রিমকো (বাংলাদেশ) কোম্পানী লিঃ, অফিসঃ পাল ট্রেড সেন্টার (১০ম তলা), সড়ক নং-৮-৯০/৩, প্রগতি স্বরণী, ঢাকা-১২১২ ও কারখানাঃ শিরির চালা, সড়ক নং/এলাকাঃ ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর।



১৯-১১-২০২৫

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।